JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/24/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ও আইনসভার নেতৃবৃন্দ 2020 সালের অনুমোদিত বাজেট ঘোষণা করেছেন যার মধ্যে নিউ ইয়র্ক কৃষি শিল্পের জন্য 33.2 মিলিয়ন মার্কিন ডলারের স্থানীয় সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে

তহবিল গুরুত্বপূর্ণ গবেষণা, কারিগরি সহায়তা, প্রচার ও শিক্ষামূলক কর্মসূচি পরিচালনার ক্ষেত্রে সহায়তা করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রু স্টুয়ার্ট-কাজিন এবং অ্যাসেম্বলি স্পীকার কার্ল হেস্টি আজ 2020 আর্থিক বছরের প্রণীত বাজেটে নিউ ইয়র্কের কৃষি শিল্পের উন্নয়নে 33.2 মিলিয়ন ডলার স্থানীয় সহায়তা তহবিল অন্তর্ভুক্ত করার কথা ঘোষণা করেছেন। এই অর্থায়ন বিশেষায়িত টেকনিক্যাল সহায়তা, গবেষণা, কৃষিজ অর্থনীতির উন্নয়ন ও প্রচার, কৃষিতে প্রবেশ, শিক্ষা ও কর্মশক্তি বিষয়ক কর্মসূচিসমূহকে পর্যাপ্ত ডলার প্রদান করবে।

"কৃষি নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির একটি নেতৃত্বদানকারী সঞ্চালক এবং স্থানীয় অনেক কমিউনিটির জন্য এটি বেডরক", **গভর্নর কুওমো বলেন।** "এই অর্থায়নের লক্ষ্য হলো এই শিল্পের গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহকে প্রণোদনা প্রদান করা এবং উৎপাদন বৃদ্ধি করার পাশাপাশি সেই সকল কর্মসূচিকে সহায়তা প্রদান করা যা ফার্মসমূহ ও সেগুলো অনাগত প্রজন্মের জন্য যে বিশ্বমানের পণ্য বিক্রয় করবে সেগুলোকে টিকিয়ে রাখা।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "নিউ ইয়র্ক 5 বিলিয়ন মার্কিন ডলারের কৃষি শিল্পের কেন্দ্রভূমি যা আমাদের স্টেটের বাসিন্দাদের জন্য লক্ষ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করে। সিনেটের সংখ্যাগরিষ্ঠ সদস্যগণ আমাদের অর্থনীতির প্রবৃদ্ধি ও উদ্ভাবন বজায় রাখার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে সাধারণ বিবেচনামূলক বিনিয়োগসমূহে সহায়তা করতে পেরে গর্বিত। আমি সিনেটের কৃষি কমিটির (Senate Agriculture Committee) প্রধান সিনেটর জেন মেটজারকে এই গুরুত্বপূর্ণ ব্যাপারে তার নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ জানাই। সিনেটের সংখ্যাগরিষ্ঠ সদস্যগণ আমাদের স্থানীয় ও স্টেট সরকারের অংশীদারদের সাথে নিউ ইয়র্কের কৃষি ও কৃষি পর্যটন শিল্পসমূহে বিনিয়োগ করার মাধ্যমে অব্যাহতভাবে কাজ করবে।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "আমার বার্ষিক স্টেটব্যাপী সফরের সময়, আমি সর্বদাই নিউ ইয়র্কের কৃষির গুনগতমান ও বৈচিত্রতাসহ এটির আমাদের কমিউনিটির ও অর্থনীতির সাথে অবিচ্ছেদ্যতার প্রতি সর্বদাই মুগ্ধ হয়েছি। এই বছরের বাজেটে আমরা গবেষণা, বিপণন ও আমাদের কৃষি কমিউনিটির জন্য কর্মসূচিসমূহের সহায়তা প্রদানের অর্থায়নে কয়েক মিলিয়ন ডলার পুনঃসংস্থান করেছি। আমাদের কৃষি বিভাগের প্রধান ডোনা লুপারডো এর নেতৃত্বে আমাদের অ্যাসেম্বলির

সংখ্যাগরিষ্ঠ সদস্যগণ প্রচেষ্টা অব্যাহত রাখবেন যাতে আমাদের কৃষকগণ ও ফার্মের কর্মীগণ তাদের প্রবৃদ্ধি ও সংগ্রামের জন্য প্রয়োজনীয় উপকরণসমূহ পেতে পারেন।"

"নিউ ইয়র্ক আমাদের বলিষ্ঠ কৃষি শিল্পে সহায়তা করার ও প্রবৃদ্ধি অর্জনের জন্য অঙ্গীকারাবদ্ধ", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই অর্থায়ন সেই সকল স্থানীয় কৃষকের জন্য ধারাবাহিক সহায়তা ও সাফল্য নিশ্চিত করবে যারা নিউ ইয়র্কের পরিবারবর্গ ও বিশ্বব্যাপী মানুষের জন্য সেরা পণ্যসমূহ প্রদান করেন। আমরা বিক্রয় বৃদ্ধির জন্য এবং সমগ্র স্টেটে আমাদের কৃষকদের জন্য উপলভ্য উপকরণসমূহ সম্প্রসারণের জন্য কৃষি শিল্পে বিনিয়োগ ও উন্নয়ন ঘটাতে পেরে গর্বিত।"

2019 সালের জানুয়ারি মাসে, গভর্নর কুওমো নিউ ইয়র্কের কৃষি শিল্পের জন্য স্থানীয় সহায়তা তহবিল হিসেবে ঐতিহাসিক 29.5 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের প্রস্তাব করেন যা গত বছরের নির্বাহী বাজেটের চেয়ে 4 মিলিয়ন মার্কিন ডলার বেশি। আইনসভা 2019-20 অনুমোদিত বাজেটের জন্য বিভিন্ন ক্ষেত্রে অতিরিক্ত সহায়তা প্রদান করে। অর্থায়নকৃত কর্মসূচির স্ন্যাপশটের মধ্যে রয়েছে:

- কর্নেল ইউনিভার্সিটি (Cornell University) এডুকেশন অ্যান্ড আউটরিচ কর্মসূচিসমূহ যেমন- ক্লাসরুম কৃষি (Agriculture in the Classroom), ফিউচার ফার্মারস অভ আমেরিকা (Future Farmers of America), কর্নেল ইউনিভার্সিটি ফার্ম লেবার স্পেশালিস্ট অ্যান্ড প্রো-ডেইরি (Pro-Dairy) এর জন্য 4.088 মিলিয়ন মার্কিন ডলার
- বিভিন্ন বেরি, মৌমাছি, জলপাই, পেঁয়াজ, সবজি, হার্ড সাইডার, কনকর্ড গ্রেপ অ্যান্ড হপস এবং বার্লি এর বিভিন্ন বিভাগে কর্নেল ইউনিভার্সিটি গবেষণা ও উন্নয়ন কর্মসূচিসমূহের জন্য 1.555 মিলিয়ন মার্কিন ডলার
- কৃষি উন্নয়ন কর্মসূচিসমূহ যেমন- টেস্ট এনওয়াই (Taste NY), গ্রো এনওয়াই (Grow NY), এনওয়াইএস ব্রিউয়ার্স অ্যাসোসিয়েশন (NYS Brewers Association), এনওয়াইএস সাইডার অ্যাসোসিয়েশন (NYS Cider Association), এনওয়াইএস ডিস্টিলার্স গিল্ড (NYS Distillers Guild), এনওয়াই ওয়াইন অ্যান্ড গ্রেপ ফাউন্ডেশন (NY Wine and Grape Foundation), এনওয়াই ক্রিসমান ট্রি ফার্মার্স অ্যাসোসিয়েশন (NY Christmas Tree Farmers Association), এনওয়াইএস অ্যাপল অ্যাসোসিয়েশন (NYS Apple Association), এনওয়াইএস ম্যাপল প্রোডিউসরস (NYS Maple Producers) এবং আরও অনেক কিছু এর জন্য 5.887 মিলিয়ন মার্কিন ডলার
- অ্যাক্সেস ও শিক্ষা কর্মসূচিসমূহের জন্য 10.9 মিলিয়ন মার্কিন ডলার, যেমন- ফার্ম-টু-স্কুল (Farm-to-School) এর জন্য 750,000 মার্কিন ডলার, নিউ ইয়র্ক সেন্টার ফর এগ্রিকালচার মেডিসিন অ্যান্ড হেলথ (New York Center for Agricultural Medicine and Health) কর্তৃক পরিচালিত ট্রাক্টর অ্যান্ড রোলওভার (Tractor Rollover Program) এর জন্য 250,000 মার্কিন ডলার এবং এগ্রিবিজনেস চাইল্ড ডেভেলপমেন্ট (Agribusiness Child Development) সেন্টারসমূহ যেগুলো নিউ ইয়র্ক স্টেটজুড়ে ফার্ম কর্মীদের পরিবারবর্গকে প্রাথমিক শৈশবকালীন শিক্ষা ও সামাজিক সেবাসমূহ প্রদান করে তাদের জন্য 9.275 মিলিয়ন মার্কিন ডলার

- কর্নেল ইউনিভার্সিটি অ্যানিমেল হেলথ ডায়াগনস্টিক সেন্টার (Cornell University Animal Health Diagnostic Center) এর জন্য 7.655 মিলিয়ন মার্কিন ডলার যা প্রাণিদের উন্নত স্বাস্থ্যের জন্য ল্যাবরেটরিতে পরীক্ষাকরণ সেবাসমূহ প্রদান করে
- ফার্ম ভিয়াবিলিটি ইন্সটিটিউট (Farm Viability Institute) এর জন্য 2.035 মিলিয়ন মার্কিন ডলার যেটি কৃষি গবেষণামূলক প্রকল্পসমূহে অর্থায়ন করে থাকে

সিনেট এগ্রিকালচার কমিটি এর সভাপতি সিনেটর জেন মেজগার বলেন, "2020 সালের স্টেট বাজেট বৈচিত্রময় শ্রেণির কর্মসূচিকে সহায়তা প্রদান করে যা নিউ ইয়র্কে একটি শক্তিশালী, গুরুত্বপূর্ণ ও টেকসই কৃষিভিত্তিক অর্থনীতি নিশ্চিত করতে সহায়তা করে। কৃষিজমি সংরক্ষণ, ফার্ম-টু-স্কুল বা নিউ ইয়র্কের উৎপাদিত পণ্যদ্রব্যের প্রচার সহ কৃষি বিষয়ক গবেষণার যে ক্ষেত্রেই হোক এই সকল বিনিয়োগ আমাদের কৃষিভিত্তিক অর্থনীতির সার্বিক অবস্থা, আমাদের দীর্ঘ-মেয়াদী খাদ্য নিরাপত্তার পরিবেশের জন্য গুরুত্বপূর্ণ।"

অ্যাসেম্বলি এগ্রিকালচার কমিটি (Assembly Agriculture Committee) এর সভাপতি ডোনা লুপারডো বলেন, "আমাদের মূল কৃষি কর্মসূচিসমূহে পর্যাপ্ত অর্থায়ন প্রদান করা স্টেট সরকারের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব যা বাজেট প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়িত হয়। উৎপাদনকারীদেরকে বপন থেকে শুরু করে শষ্য সংগ্রহ থেকে বিপণন পর্যন্ত সহায়তা করার ক্ষেত্রে গবেষণা, শিক্ষা, বিপণন ও উন্নয়নে সহায়তা গুরুত্বপূর্ণ। সংশ্লিষ্ট সকলের উৎসর্গতা ও সহযোগিতার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট এ এমন একটি শক্তিশালী কৃষিভিত্তিক অর্থনীতি পাওয়ায় আমরা সৌভাগ্যবান। এই বিভাগের জন্য প্রবৃদ্ধি অজর্ন ও উন্নয়ন করতে সহায়তা করার পন্থাসমূহ খুঁজে বের করা অবশ্যই সর্বোচ্চ অগ্রাধিকারের তালিকায় থাকতে হবে।"

স্থানীয় সহায়তা তহবিল মৌলিক কৃষি কর্মসূচিসমূহকে সহায়তা করে থাকে। অনুমোদিত 2019-20 বাজেটের মধ্যে রয়েছে টেস্ট এনওয়াই এর মতো বিপণন ও প্রচারমূলক কর্মসূচিসমূহের সহায়তায় অতিরিক্ত অর্থায়নসহ নিউ ইয়র্ক স্টেট মেলায় অতিরিক্ত 2.5 মিলিয়ন মার্কিন ডলারের মূলধন তহবিল। এছাড়াও এই বাজেটটি পরিবেশগত সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund) অতিরিক্ত 300 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে যা মূল কৃষিজ পরিবেশ কর্মসূচিসমূহকে সহায়তা করে যার মধ্যে রয়েছে কৃষি জমি সুরক্ষা (Farmland Protection) এর জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার, এগ্রিকালচার নন-পয়েন্ট সোর্স পলুশন কন্ট্রোল প্রোগ্রাম (Agricultural Nonpoint Source Pollution Control Program) এর জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার, মাটি ও পানি সংরক্ষণ ডিস্ট্রিক্টসমূহ (Soil and Water Conservation Districts) এর জন্য 10.5 মিলিয়ন মার্কিন ডলার এবং জলবায়ু সহনশীল ফার্ম কর্মসূচিসমূহ (Climate Resilient Farms Program) এর জন্য 4.5 মিলিয়ন মার্কিন ডলার।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন